দৈনিক
আমাদের সময়

তারিখ 1 JAN 2017
পৃষ্ঠা ২ কলাম ৩

# পাঠ্যপুস্তক উৎসব আজ

নিজস্ব প্রতিবেদক ●
প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে বই তুলে দেওয়ার মাধ্যমে সারা দেশে আজ পালিত হবে জাতীয় পাঠ্যপুস্তক উৎসব ২০১৭। উৎসবের উদ্বোধন করবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সকাল সাড়ে ৯টায় রাজধানীর আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল অ্যান্ড কলেজে তিনি উৎসবের উদ্বোধন করবেন। এতে যোগ দেবে মহানগরীর প্রায় ৩১টি স্কুলের ৫ হাজারের বেশি শিক্ষার্থী। অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা এরপর পৃষ্ঠা ১১, কলাম ৪

## পাঠ্যপুস্তক উৎসব আজ

(প্রথম পৃষ্ঠার পর) বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব মো. আলমগীর, এনসিটিবির চেয়ারম্যান প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা এবং শিক্ষা মন্ত্রণালয়ের অধীন দপ্তরগুলোর ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত থাকবেন। রাজধানী ছাড়াও দেশের মাধ্যমিক স্তরের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে এ উৎসব পালন করা হবে। এসব উৎসবে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে জনপ্রতিনিধি ও স্থানীয় প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত থাকবেন।

এদিকে উৎসবের অংশ হিসেবে আজ রোববার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বই বিতরণ করা হবে। এতে উপস্থিত থাকবেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত, প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি মো. মোতাহার হোসেন, মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ আসিফ-উজ-জামান এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মো. আবু হেনা মোস্তফা কামাল। এদিকে ন্যাশনাল কারিকুলাম অ্যান্ড টেক্সট বুক বোর্ডের (এনসিটিবি) চেয়ারম্যান প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা জানিয়েছেন, ২০১৭ শিক্ষাবর্ষে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে সরকার বিনামূল্যে ৩৬ কোটি ২১ লাখ ৮২ হাজার ২৪৫ কপি পাঠ্যবই বিতরণ করবে।